

জি-ক্যালসিয়াম ইনজেকশন (১০%)

বিবরণ :

জি-ক্যালসিয়াম ইনজেকশন হলো শিরা ও মাংসপেশীতে ব্যবহারযোগ্য ক্যালসিয়াম গ্লুকোনেট বিপি এর ১০% দ্রবণ।

উপস্থাপন :

প্রতি মিলিতে রয়েছে : ১০০ মিঃ গ্রাঃ ক্যালসিয়াম গ্লুকোনেট বিপি (যাহা ০.২২ মিলিমোল ক্যালসিয়াম এর সমপরিমাণ)।

ব্যবহার :

ক্যালসিয়াম গ্লুকোনেট সাধারণতঃ একিউট হাইপোক্যালসিমিয়া এবং হাইপোক্যালসেমিক টিটানি রোগে ব্যবহৃত হয়। হাইপোক্যালসিমিয়ার লক্ষণাদিসমূহ প্রকাশ পায় প্যারাসথেসিয়া, কারপোপেলাডল স্পাজম, এক্সট্রাপাইরেমিডাল সাইন, মাসলক্রাম্পস খিঁচুনি, ডারমাটাইটিস, ইসিজি পরিবর্তন ও মানসিক পরিবর্তনের মাধ্যমে।

সেবনবিধি ও প্রয়োগ :

একিউট হাইপোক্যালসিমিয়া ও হাইপোক্যালসিমিক টিটানির ক্ষেত্রে ক্যালসিয়াম গ্লুকোনেট ইনজেকশন ব্যবহৃত হয়। মাত্রা সাধারণতঃ ২.২৫ থেকে ৯.০ মিলিমোল (১০ মিলি থেকে ৪০ মিলি) খুব ধীরে ধীরে শিরাপথে প্রয়োগ করা যেতে পারে। মাংসপেশীতেও এর ব্যবহার রয়েছে। তবে শিশুদের ক্ষেত্রে কেবলমাত্র শিরাপথে ব্যবহারের জন্য নির্দেশিত।

পার্শ্ব প্রতিক্রিয়া :

জি-ক্যালসিয়াম ইনজেকশন সাময়িকভাবে ব্যথা সৃষ্টি করতে পারে। বিশেষ করে মাংস ও চামড়ার নিচে ইনজেকশন দিলে ব্যথা, ফুলে যাওয়া ও ক্ষতের সৃষ্টি হতে পারে। এছাড়া নরম কোষসমূহ শক্ত হয়ে যেতে পারে। ক্যালসিয়াম ইনজেকশন বেশি দিলে

হাইপারক্যালসিমিয়া হতে পারে। হাইপারক্যালসিমিয়ার লক্ষণাদি-অরুচি, বমিভাব, বমি, পেটে ব্যথা, দুর্বলতা, কনস্টিপেশন, হাড়ে ব্যথা, পলিইউরিয়া রেনাল ক্যালিকুলি ইত্যাদি।

শিরাপথে দ্রুত ইনজেকশন দিলে পেরিফেরাল ভেসোসাইলেটসন দেখা দিতে পারে।

ব্যবহার নিষেধ :

কার্ডিয়াক গ্লাইকোসাইড ব্যবহারকারীদের ক্ষেত্রে ক্যালসিয়াম গ্লুকোনেট ইনজেকশন ব্যবহার নিষিদ্ধ।

গর্ভবতীদের ক্ষেত্রে :

গর্ভবতী অবস্থায় ক্যালসিয়াম গ্লুকোনেট ইনজেকশন দেয়া যেতে পারে।

সাবধানতা :

যে সমস্ত রোগীদের মূত্রনালীতে সমস্যা ও হৃদপিণ্ডের সমস্যা রয়েছে তাদের ক্ষেত্রে ক্যালসিয়াম গ্লুকোনেট ইনজেকশন প্রয়োগে অতীব সাবধানতা অবলম্বন করতে হবে।

ড্রাগ ইন্টার-একশন :

জি-ক্যালসিয়াম গ্লুকোনেট ইনজেকশন হৃদপিণ্ডের ডিজিটালিস গ্লাইকোসাইডের ক্রিয়াকে ত্বরান্বিত করে। এছাড়া ক্যালসিয়াম সল্ট টেট্রাসাইক্লিনের শোষণ ক্রিয়াকে কমিয়ে দেয়। থায়াজাইট ডাইইউরেটিক ক্যালসিয়ামের রেনাল রিএবসরপসন বাড়িয়ে দিয়ে হাইপারক্যালসিমিয়া ঘটিয়ে থাকে।

প্যাকিং :

১০ X ৫ মিঃ লিঃ এম্পুল

৫ X ১০ মিঃ লিঃ এম্পুল



পণ্ডিতকারক :

গণস্বাস্থ্য ফার্মাসিউটিকেলস্ লিঃ

মির্জাপুর ভায়া সান্তার ক্যান্টর, সান্তার, ঢাকা-১৩৪৪, বাংলাদেশ